# সবসময় কানেক্টেড
# মোবাইল ইন্টারনেট দক্ষতা প্রশিক্ষণ টুলকিট

মোবাইল ইন্টারনেট দক্ষতা প্রশিক্ষণ টুলকিট
মোবাইল ইন্টারনেটের মৌলিক দক্ষতায় প্রশিক্ষণের জন্য একটি নির্দেশিকা



স্বত্বাধিকার © 2018 GSM Association

# মডিউল 6
# Facebook

# 6 -
# ook

# গভীরের প্রশিক্ষণ

# মডিউল 6 - FACEBOOK

ভূমিকা / প্রবেশ ও নিবন্ধন / বন্ধু যোগ করা ও 'লাইক' / একটি পোস্ট করা / নিরাপত্তা / পুনরাবৃত্তি

## শেখার উদ্দেশ্য

- শিক্ষার্থীরা Facebook-এর জন্য রেজিস্টার করেছেন
- শিক্ষার্থীরা বন্ধু যোগ করেছেন, পেজগুলিকে অনুসরণ করেছেন একটি পোস্ট করেছেন।
- শিক্ষার্থীরা Facebook ব্যবহার করা এবং বন্ধুদের সঙ্গে যুক্ত হওয়ার ব্যাপারে উৎসাহিত




**সময় সীমা:**
45-60 মিনিট

## আপনার যে সব জিনিস প্রয়োজন হবে:



স্মার্টফোন হ্যান্ডসেট




Facebook পোস্টার x 5




শব্দকোষ হ্যান্ডআউট




খরচের পোস্টার




সুরক্ষা সংক্রান্ত পরামর্শ



আইকন কাট-আউট

# Facebook-এর সাথে পরিচয়

**প্রশিক্ষনার্থীদেরকে Facebook আইকনের কাট-আউট দেখান এবং তাদেরকে ফোনে তা খুঁজে বের করতে বলুন।**

## Facebook-এর একটি সংক্ষিপ্ত ব্যাখ্যা দিন

- "Facebook আপনাকে আপনার কমিউনিটির সঙ্গে সংযুক্ত করে, তারা আপনার কাছেই থাকুন বা দূরে কোথাও থাকুন। ব্যবসায়িক যোগাযোগের সঙ্গে কথোপকথন করা, সংবাদ পাওয়া, পরিবার ও বন্ধুদের সঙ্গে সম্পর্ক রাখা অথবা আপনার প্রিয় বিখ্যাত মানুষ ও খেলার দলগুলি সম্পর্কে আপডেট পাওয়ার জন্য আপনি এটি ব্যবহার করতে পারেন।"
- "শব্দ, ফটো ও ভিডিও ব্যবহার করে আপনি একজন মানুষ, কিছু মানুষের একটি সুনির্দিষ্ট দল বা Facebook-এ লক্ষ লক্ষ মানুষের সঙ্গে কথোপকথন করতে পারেন।"

## জীবনে এর সুবিধাগুলিকে নিয়ে আসুন!

- আপনি কীভাবে Facebook ব্যবহার করেন এবং এটা কীভাবে আপনাকে, আপনার বন্ধুদের ও পরিবারকে সাহায্য করে সেই বিষয়ে **আপনার নিজের গল্প বলুন**।কিছু উদাহরণ:
- বন্ধু, পরিবার ও ব্যবসায়িক পরিচিতিদের সঙ্গে যোগাযোগ করুন
- পরামর্শ বিনিময় করুন ও নিন
- আপনার ব্যবসা/পণ্যগুলির বিজ্ঞাপন দিন
- বিশ্ব, বিখ্যাত মানুষজন ও খেলাধূলার সংবাদ পড়ুন

## সেবাটিকে প্রাসঙ্গিক করে তুলুন

Facebook কিভাবে তাদের নিজেদের জীবনে উপকারী হয়ে উঠতে পারে তা নিয়ে প্রশিক্ষনার্থীদের সাথে আলোচনা করুন:

- **জিজ্ঞাসা করুন** "আপনি কিসের জন্য Facebook ব্যবহার করতে চাইবেন?" তাদের আগ্রহের উপর ভিত্তি করে তাদেরকে কিছু পরামর্শ দিন।

# কার্যক্রম: আপনার ফোনে Facebook অ্যাক্সেস করুন

## বাস্তব ব্যবহার!

**ব্যাখ্যা করুন** "আপনি একটি অ্যাপ বা ওয়েব ব্রাউজারের মাধ্যমে Facebook-এ যেতে পারেন।"

**পরামর্শ:** "আপনার যদি একটি স্মার্টফোন থাকে তাহলে Facebook অ্যাপ ডাউনলোড করে ব্যবহার করাই সবচেয়ে ভাল, এবং আপনি যদি ফিচার ফোন ব্যবহার করেন তাহলে ওয়েব ব্রাউজারে Facebook অ্যাক্সেস করুন।"

---




## "একটি স্মার্টফোনে কীভাবে Facebook অ্যাপ ডাউনলোড করা যায়" পোস্টারটি দেখান

- free.facebook.com/lite এ যান অথবা বিনামূল্যে পাওয়া না গেলে facebook.com/lite এ যান
- **এখন ডাউনলোড করুন**-এ ট্যাপ করুন
- Facebook Lite অ্যাপ খুলুন
- **ব্যাখ্যা করুন** যে "এই পোস্টারটি Facebook ডাউনলোড করা, অ্যাক্সেস ও রেজিস্টার করার ধাপগুলি দেখায়"
- আপনার প্রশিক্ষনার্থীদেরকে তাদের ফোনে ধাপগুলি অনুশীলন করান এবং ব্যাখ্যা করুন যে আপনি বন্ধুদের যুক্ত করতে পারেন, টেক্সট ও ফটো শেয়ার করতে পারেন এবং বিখ্যাত ব্যক্তিত্ব, খেলার দলের সর্বশেষ সংবাদ, খবর ও আরো অনেক কিছু পেতে পারেন।

---

## ব্যবহারকারীকে দেখান ওয়েবে কীভাবে Facebook অ্যাক্সেস করতে হয়

**ব্যাখ্যা করুন** "আপনার যদি একটি ফিচার ফোন থাকে তাহলে আপনি ওয়েব ব্রাউজারে Facebook অ্যাক্সেস করতে পারেন।"

- Free.facebook.com এ যান অথবা বিনামূল্যে পাওয়া না গেলে facebook.com এ যান
- ওয়েবসাইটটি বুকমার্ক করুন যাতে প্রশিক্ষনার্থী আবার এটা খুঁজে পেতে পারেন

# কার্যক্রম: একটি Facebook অ্যাকাউণ্ট তৈরি করুন

**ব্যাখ্যা করুন** "আপনার একটি অ্যাকাউণ্ট তৈরি করার প্রয়োজন আছে যাতে আপনার বন্ধুরা Facebook-এ আপনাকে খুঁজে পায়।"

**জিজ্ঞাসা করুন** আপনি প্রশিক্ষনার্থীকে একটি অ্যাকাউণ্ট তৈরিতে সাহায্য করতে পারেন কিনা এবং পোস্টারের ধাপগুলি তাদেরকে দেখান:




1. আসল নাম দিন
2. জন্মদিন নির্বাচন করুন
3. মোবাইল নম্বর দিন
4. লিঙ্গ নির্বাচন করুন
5. মনে রাখা সহজ এমন একটি সুরক্ষিত পাসওয়ার্ড বেছে নিন
6. SMS বা WhatsApp এর মাধ্যমে নিশ্চিতকরণ কোড গ্রহণ করুন ও টাইপ করুন
7. লগইন করতে "OK" ক্লিক করুন

# কার্যক্রম: বন্ধুদের যুক্ত করুন

**ব্যাখ্যা করুন** "বন্ধুরা যে ছবি ও তথ্য পোস্ট করেন তা দেখা এবং আপনার ছবি ও চিন্তাভাবনা শেয়ার করার জন্য আপনাকে অবশ্যই মানুষকে Facebook-এ বন্ধু হিসেবে যোগ করতে হবে।"




## "কীভাবে বন্ধু যোগ করতে হয়" পোস্টারটি দেখান

বন্ধুদের যুক্ত করুন:

- Facebook এর বন্ধু (Friends) আইকনটি তুলে ধরুন এবং ব্যাখ্যা করুন এটা কোথায় পাওয়া যায়
- আপনি যে সব মানুষকে জানতে পারেন সেই "পরামর্শগুলি" ব্যবহার করে প্রশিক্ষনার্থীদের কমপক্ষে পাঁচজন বন্ধুর সঙ্গে যুক্ত হতে বলুন
- প্রশিক্ষনার্থীদের বলুন 2 জন নির্দিষ্ট বন্ধুকে সন্ধান করতে এবং তাদেরকে যুক্ত করতে
- প্রশিক্ষনার্থীদের একটা বন্ধুত্বের অনুরোধ পাঠান যাতে তাদেরকে দেখানো যায় কীভাবে তা স্বীকার (বা প্রত্যাখ্যান) করতে হয়
- ব্যাখ্যা করুন যে এখন থেকে তারা যখনই Facebook ব্যবহার করবেন, বন্ধুদের শেয়ার করা সব কিছুই দেখতে পাবেন

# কার্যক্রম: বিখ্যাত ব্যক্তিত্ব, খেলাধূলা ও সংবাদের পেজগুলি লাইক করা




## "কীভাবে পেজ "লাইক" করতে হয়" পোস্টারটি দেখান

- **ব্যাখ্যা করুন** "আপনি বিখ্যাত ব্যক্তিত্ব, খেলাধূলা ও সংবাদের পেজগুলি লাইক করেও এই বিষয়ে সর্বশেষ সংবাদ পেতে পারেন। আপনি যখন একটি পেজকে "লাইক" করেন, তখন আপনি Facebook-এ লগ ইন করার পরে সেগুলিতে পোস্ট করা তথ্য প্রদর্শিত হবে।"

## পেজ লাইক করা:

- **সন্ধান** আইকনটি তুলে ধরুন এবং ব্যাখ্যা করুন এটা কোথায় পাওয়া যায়
- প্রশিক্ষনার্থীদের জিজ্ঞাসা করুন তারা কোন বিখ্যাত ব্যক্তিত্ব, খেলাধূলা বা সংবাদ পছন্দ করেন এবং সেই পেজে যাওয়ার জন্য তাদেরকে সন্ধানের জায়গায় তা টাইপ করতে বলুন
- তাদেরকে **লাইক** আইকনটি দেখান এবং পেজে কোথায় তা ক্লিক করতে হবে তা দেখান
- তাদেরকে **নিউজ ফীড** আইকনটি দেখান, তাদেরকে এটি ক্লিক করতে বলুন এবং দেখুন কীভাবে তাদের মতামত পরিবর্তিত হয়েছে

**পরামর্শ:** প্রশিক্ষনার্থীদের অন্বেষণ করার সময় দিন। তাদেরকে যত খুশি বন্ধুদের ও পেজগুলিকে যুক্ত করতে দিন। তারা যত বেশি যুক্ত করবেন, Facebook তাদের জন্য ততই বেশি ভাল হয়ে উঠবে। এছাড়াও আপনি তাদের সঙ্গে শেয়ার করতে পারেন যে স্থানীয় এলাকায় কোন পেজগুলি সবচেয়ে বেশি জনপ্রিয়।

# কার্যক্রম: একটি পোস্ট করা

**ব্যাখ্যা করুন** "এখন শেখা যাক আপনি কীভাবে Facebook-এ ব্যক্তিগত বা ব্যবসা সংক্রান্ত তথ্য শেয়ার করতে পারেন।"




## "কিভাবে একটি পোস্ট করা যায়" পোস্টারটি দেখান

- ফটো/ভিডিও আইকনটি **দেখান** এবং প্রশিক্ষনার্থীদের বলুন সেটা ক্লিক করতে
- **ব্যাখ্যা করুন** যে আপনি ফটো/ভিডিও যোগ করার জন্য ক্যামেরা আইকনটিও নির্বাচন করতে পারেন
- **ব্যাখ্যা করুন** যে ফটো বা ভিডিওগুলি ফোন থেকে যোগ করা যায় অথবা নতুন নেওয়া যায়
- **ব্যাখ্যা করুন** যে তারা ছবি/ভিডিওতে পাঠ্য যোগ করতে পারেন অথবা শুধু সেটাই পোস্ট করতে পারেন
- **ব্যাখ্যা করুন** যে তারা যদি কোনো ফটো বা ভিডিও যোগ করতে না চান তাহলে তারা শুধু শব্দ দিয়েও একটা পোস্ট করতে পারেন।

# ব্যক্তিগত ব্যবহার

আপনার প্রশিক্ষনার্থীদের সাথে **আলোচনা করুন** যে তারা Facebook-এ কী শেয়ার করতে পছন্দ করবেন

আপনি Facebook-এ যা পোস্ট করেন তা শেয়ার করুন। আপনার করা কিছু পোস্ট তাদেরকে দেখান এবং আপনি এগুলি কেন শেয়ার করেছিলেন তা তাদেরকে বলুন।

- **জিজ্ঞাসা করুন** "আপনি আপনার বন্ধু ও পরিবারের সঙ্গে কী শেয়ার করতে চাইবেন?"
- **জিজ্ঞাসা করুন** "আপনার ব্যবসাকে সাহায্য করার জন্য আপনি কী পোস্ট করতে পারেন?"

# সুরক্ষা

**ব্যাখ্যা করুন** "ঠিক বিশ্বের মতই, আপনি Facebook-এও বেছে নিতে পারেন যে আপনি কাদের সঙ্গে কথাবার্তা বলতে চাইবেন আর কাদের সঙ্গে তা চাইবেন না।"

**ব্যাখ্যা করুন** "আপনি প্রোফাইলের ছবি হিসেবে যে ফটোটি চয়ন করেছেন তা সব Facebook ব্যবহারকারীই দেখতে পাবে। এটা আপনাকে খুঁজে পেতে এবং আপনাকে Facebook-এ বন্ধু হিসেবে যুক্ত করতে সাহায্য করে।"

**জিজ্ঞাসা করুন** "কারা আপনার পোস্ট দেখতে পাবেন তা আপনি কি বেছে নিতে চান?"

কোনো পোস্ট করার সময় কীভাবে দর্শক নির্বাচন করা যায় এবং পরবর্তীকালে কীভাবে গোপনীয়তার সেটিং পরিবর্তন করা যায় তা **দেখান।**

**ব্যাখ্যা করুন** "আপনি একটি পোস্টকে জনগণের কাছে (Facebook ব্যবহারকারী সবার কাছে) দৃশ্যমান করতে পারেন অথবা শুধুমাত্র আপনার বন্ধুদের কাছে।"

প্রশিক্ষনার্থীদের কাছে **ব্যাখ্যা করুন** যে তারা অতিরিক্ত গোপনীয়তার নিয়ন্ত্রণগুলি অ্যাক্সেস করতে পারেন। **তাদেরকে গোপনীয়তা শর্টকাটগুলি দেখান** যেখানে তারা দেখতে পাবেন কারা তাদের প্রোফাইল দেখতে পারেন এবং কারা বন্ধুত্বের অনুরোধ সহ তাদের সঙ্গে যোগাযোগ করতে পারেন এবং আপনাকে বিরক্ত করছে এমন কোনো মানুষকে কীভাবে ব্লক করা যায়।






# পুনরাবৃত্তি



### Facebook আইকন গেমটি খেলুন

- একবারে একটি করে, প্রতিটি Facebook আইকনকে **তুলে ধরুন**
- **জিজ্ঞাসা করুন** "ফোনে এটি কোথায় রয়েছে এবং এটি কি?"
- প্রশিক্ষনার্থীদের সহায়তার প্রয়োজন হলে প্রতিটি আইকন কি তা **ব্যাখ্যা করুন**।
- সঠিক উত্তরগুলির জন্য **ছোট ছোট পুরস্কার দিন** (যেমন চকলেট) এবং আইকনগুলিকে দেয়ালে লাগিয়ে দিন, যাতে সেগুলি কি ছিল তা প্রশিক্ষনার্থীরা পরে মনে করতে পারে

**পরামর্শ:** প্রশিক্ষনার্থীদের বলুন একা কারো সাহায্য ছাড়া Facebook নিয়ে খেলা করতে, পোস্ট করতে, ছবি শেয়ার করতে, পেজ সন্ধান করতে এবং বন্ধুদের যুক্ত করতে। তারা Facebook অন্বেষণ করার সময় তাদেরকে প্রশ্ন জিজ্ঞাসা করতে উৎসাহ দিন।

### প্রধান শিক্ষণীয় বিষয়গুলির পুনরাবৃত্তি

তারা Facebook ব্যবহার করা সম্পর্কে যা শিখেছেন তা নিয়ে আপনার প্রশিক্ষনার্থীদের সাথে **আলোচনা করুন**।

- "Facebook ব্যবহার করা সম্পর্কে আপনি কী শিখেছেন?"
- "আপনি আপনার নিজের জীবনে কিসের জন্য Facebook ব্যবহার করতে চান? আপনি এটি ব্যবহার করার ব্যাপারে কি নিয়ে সবচেয়ে আগ্রহ ও উত্তেজনা বোধ করেন?"
- "আপনার পরবর্তী পোস্ট কী হবে?

# পোস্টার কাট-আউট ও তথ্যপত্র













কিভাবে ব্যবহার করতে হয়

# Facebook

একটি স্মার্টফোনে কীভাবে Facebook অ্যাপ ডাউনলোড করা যায় বা ওয়েবে অ্যাক্সেস করা যায়

1 → 2 → 3









কিভাবে ব্যবহার করতে হয়

# Facebook

## কীভাবে একটি অ্যাকাউন্ট তৈরি করতে হয়



কিভাবে ব্যবহার করতে হয়

# Facebook

## কীভাবে বন্ধু যোগ করতে হয়

1 → 2 → 3









কিভাবে ব্যবহার করতে হয়

# Facebook

## কীভাবে পেজ অনুসরণ করতে হয়

1 → 2 → 3 → 4












কিভাবে ব্যবহার করতে হয়

# Facebook

## কীভাবে একটি পোস্ট করতে হয়

1




2




3





# সার্টিফিকেট

মোবাইল ইন্টারনেটের মৌলিক দক্ষতা
প্রশিক্ষণ সম্পূর্ণ করেছেন

তারিখ

স্বাক্ষরিত



# সার্টিফিকেট

মোবাইল ইন্টারনেটের মৌলিক দক্ষতা
প্রশিক্ষণ সম্পূর্ণ করেছেন

তারিখ

স্বাক্ষরিত